আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ২ প্রকাশকালঃ ১০/০১/২০১৮ইং

এক সপ্তমাংশের কম হলে কুরবানী সহীহ নয়!

প্রশ্ন:

সাত ভাই মিলে কুরবানীর গরু ক্রয় করে। তাদের মধ্যে এক ভাই তার ভাগের পূর্ণ টাকা দিতে না পারায় অন্য ভাইয়েরা তার ভাগের বাকি টাকা পরিশোধ করে দেয়। প্রশ্নোক্ত সূরতে কুরবানী সহীহ হবে কিনা?

নিবেদক
উবায়েদ আহমাদ
চট্টগ্রাম

উত্তর:

بسم الله الرحمن الرحيم

حامدا و مصليا و مسلما

প্রশ্নোক্ত সূরতে বাকি ছয় ভাই যদি এই নিয়তে টাকা পরিশোধ করে থাকেন যে, কুরবানীর গরুতে প্রত্যেকের মালিকানা তার প্রদত্ত টাকার অনুপাতে হবে – অর্থাৎ যার টাকা বেশি তার মালিকানাও বেশি – তাহলে কারও কুরবানী সহীহ হবে না। কেননা, এক্ষেত্রে কুরবানীর পশুতে একজনের অংশ এক সপ্তমাংশের কম হয়ে যাচ্ছে।

পক্ষান্তরে টাকা যদি তারা উক্ত ভাইকে হাদিয়া বা হেবা স্বরূপ দিয়ে থাকেন এবং প্রত্যেকের মালিকানা সমান (এক সপ্তমাংশ) হয়, তাহলে সকলের কুরবানীই সহীহ হয়ে যাবে।

المرجع:

اخرج الإمام مسلم في صحيحه بسنده عن جابر بن عبدالله قال حججنا مع رسول الله صلى الله عليه و سلم فنحرنا البعير عن سبعة والبقرة عن سبعة ''الدر المختار '' ج 9ص – 457على صدر ''رد المحتار :''و لو لأحدهم أقل من سُبُعٍ لم يجز عن أحد .اهـــ

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদী (হাফিজাহুল্লাহ)
১০/০১/২০১৮ইং